

গীতানি

৪৯

ঐ অমল হাতে রজনী প্রাতে  
আপনি জ্বালো

এই ত আলো—

এই ত আলো ।

৪৭২

## গীতালি

এই ত প্রভাত, এই ত আকাশ,  
এই ত পূজার পুষ্পবিকাশ,  
এই ত বিমল, এই ত মধুর,  
এই ত ভালো—

এই ত আলো—

এই ত আলো ।

আঁধার মেঘের বন্ধে জেগে  
আপনি জ্বালো

এই ত আলো—

এই ত আলো ।

এই ত ঝঙ্কা তড়িত-জ্বালা,  
এই ত দুখের অগ্নিমালা,  
এই ত মুক্তি, এই দীপ্তি,  
এই ত ভালো—

এই ত আলো—

এই ত আলো ॥

৭ আশ্বিন

স্বপ্নল হইতে শান্তিনিকেতনের পথে